

## সমাজকল্যাণ বিষয়ক মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ


সভাপতি : ফাহিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান শিবচর, মাদারীপুর।  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শিবচর, মাদারীপুর।  
সভার তারিখ ও সময় : ১৫/০৬/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০ঃ০০ ঘটিকা  
উপস্থিত সদস্যগণ : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব আলোচ্য বিষয়ের উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।।

উপজেলা সমাজসেবা অফিসার উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর তিনি জানান যে, ২০২১-২০২১ অর্থবছরে শিবচর উপজেলায় ১৪,১৩১ জন বয়স্কভাতা, ৪৪৩৭ অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, ৫৫২৯ জন বিধবা ভাতা এবং ৬৮ জন কে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি মোবাইল ফিল্ডসিয়ারাল সিস্টেম বিকাশের মাধ্যমে ৪র্থ কিস্তির ভাতার অর্থ প্রদান করা হয়। চলতি ২০২১-২২ অর্থবছরের বয়স্ক ভাতার অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। শিবচর উপজেলায় ১ম পর্যায়ে ৭০০ এবং ২য় পর্যায়ে ১১০০, মোট ১৮০০ জনের অতিরিক্ত বয়স্ক ভাতার বরাদ্দ পাওয়া গেছে। পৌরসভাসহ সকল ইউনিয়ন থেকে ১৮০০ জনের তালিকাও পাওয়া গেছে। নতুন উপকারভোগীগণ ১ বছরের সমপরিমাণ ৬০০০ টাকা পাবে বলে সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন। ক্যাপিটেশন প্র্যান্টপ্রাপ্ত ৫টি এতিমখানার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও সমাজসেবা অফিসার সভাকে আরো জানান যে, ০১ (এক) জন সহকারী সমাজসেবা অফিসার, ০১ (এক) জন উচ্চমান সহকারী, ০৯ (নয়) জন ইউনিয়ন সমাজকর্মী, এবং ০১ (এক) জন কারিগরী প্রশিক্ষক পদ শূন্য রয়েছে। এতে করে অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

অতঃপর আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ০১। ভাতাভোগীরা যাতে দ্রুত টাকা পায় সে ব্যাপারে সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।
  - ০২। ক্যাপিটেশন প্র্যান্ট এতিমখানাগুলো নিয়মিত পর্যবেক্ষণ করার জন্য সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয়।
  - ০৩। শূণ্যপদে জনবল নিয়োগ প্রদানের সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পুনরায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফাহিমা আক্তার)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান


শিবচর, মাদারীপুর।

স্মারক নং- ৪১.০১.৫৪৮৭.০০০.০৬.০৫৪.১৬ ১২৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
- ০৩। অফিস কপি।





তারিখঃ ১৫/০৬/২০২২খ্রিঃ



(শাহ আলম)

উপজেলা সমাজসেবা অফিসার  
শিবচর, মাদারীপুর

১৫-০৬-২০২২ তারিখের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতি সদস্যদের  
স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ফাহিমা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর	সভাপতি	
০২	জনাব মোঃ জাকির হোসেন হায়দার চেয়ারম্যান, বহেরতলা উত্তর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৩	জনাব কোহিনুর হাওলাদার চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৪	জনাব আঃ রহিম বেপারী চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৫	জনাব শাহ আলম উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব	